স্বেচ্ছাসেবক লীগ দেশ ও মানুষের কল্যাণে কাজ করে— জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, স্বেচ্ছাসেবক লীগ দেশের কল্যাণে মানুষের কল্যাণে বিপদ আপদে যে কোনো দুর্যোগে মূহূর্তে মানুষের পাশে দাঁড়াবে। বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে দেশ প্রেমে উদ্ধুদ্ধ হয়ে মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে এই সংগঠনের নেতা কর্মীরা মানুষের পাশে দাঁড়াবে।

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ মেহেরপুর জেলা শাখার ত্রি—বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর শহীদ শামসুদ্দোজা নগর উদ্যানে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের এই ত্রি—বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক আরিফুল ইসলাম সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান বক্তা ছিলেন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক একেএম আফজালুর রহমান বাবু। সম্মেলনের উদ্বোধন করেন স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন সাচ্চু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম সম্পাদক খাইরুল হাসান জুয়েল, সাংগঠনিক সম্পাদক আব্দুল্লাহ আল সায়েম, সদস্য আদনান সুমন।
প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশান প্রতিমন্ত্রী আরও বলেন, আওয়ামীলীগের প্রাণ দলের নি:স্বার্থ কর্মী। আওয়ামীলীগে নি:স্বার্থ কর্মী আছে বলেই আওয়ামীলীগের নেতৃত্বে আজ সারা বাংলাদেশে উন্নয়নের জোয়ার বইছে। সারা বিশ্বে বাংলাদেশ উন্নয়নের রোল মডেল হিসেবে প্রধান মন্ত্রী উজ্জল দৃষ্টান্ত সৃষ্টি করেছেন। আমাদের জীবন মান বেড়েছে। অবকাঠামোগত উন্নয়ন হয়েছে। স্কুল কলেজের ভবন নির্মাণ হয়েছে। আমাদের রাস্তাঘাট থেকে শুরু করে সব কিছুর উন্নয়ন হয়েছে।

তিনি আরও বলেন, মানুষ এখন সামাজিক নিরাপত্তা ও শৃংখলার মধ্যে বাস করছে। তাই মানুষ বিশ্বাস করে শেখ হাসিনার সরকার কৃষকের সরকার, উন্নয়নের সরকার। আজ সারা বাংলাদেশ জেগে উঠেছে। এজন্য যারা ষড়যন্ত্রকারী, ৭১ সালে ষড়যন্ত্র করেছে যারা বঙ্গবন্ধু ও তার পরিবারকে ৭৫ হত্যা করেছে বারবার ষড়যন্ত্র করে বাংলাদেশকে ব্যার্থ রাষ্ট্র বানাতে চেয়েছে সমস্ত ষড়যন্ত্রকারীরা ধংশ হবে ও ব্যার্থ হবে।

সম্মেলনের উদ্বোধক গাজী মেজবাউল ইসলাম সাচ্চু বলেন, ষড়যন্ত্রের মাধ্যমে পানি ঘোলা করে পিছনের দরজা দিয়ে ক্ষমতায় আসা যাবেনা। বঙ্গবন্ধুর আদর্শের একজন নেতা কর্মী বেছে থাকতে ষড়যন্ত্র বাস্তবায়ন করতে দেবোনা। স্বেচ্ছাসেবক লীগ রাজপথে থেকে এই ষড়যন্ত্র প্রতিহত করবে।

তিনি বলেন, আগামী ডিসেম্বর মাসের শেষে আমাদের জাতীয় নির্বাচন। বিএনপি জামায়াত কথায় কথায় বলে কাল সকালেই শেখ হাসিনা সরকারকে বিদায় করে দেবে। শেখ হাসিনার সরকারকে বিদায় করা এতো সস্তা নয়। আমরা বঙ্গবন্ধুর সৈনিক জীবিত আছি।

বিএনপির উদ্যোশ্যে তিনি বলেন, সাহস থাকলে নির্বাচনে আসেন। নির্বাচনে জয়লাভ করলে আমরা ফুলের মালা দিয়ে বরণ করে নিবো। বিদেশীরা এসে আপনাদের ক্ষমতায় বসাতে পারবেনা। বাংলাদেশ একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। বিদেশীদের আমরা সুপরামর্শ শুনবো। তাদের নির্দেশ আমরা কখনোই মানবোনা।

তিনি আরও বলেন, প্রধান মন্ত্রী বলেছেন ২০২৩ সালের নির্বাচন নিরপেক্ষ ও সুষ্ঠ হবে। সারা পৃথিবী থেকে পর্যবেক্ষক আসুক। বাংলাদেশের শান্তি, পবিত্র সংবিধান লংঘন করে কিয়ামত পর্যন্ত তত্বাবধায়ক সরকার চাইলেও তা আর ফিরে আসবেনা। স্বাধীন গণতান্ত্রিক দেশে কিয়ামত পর্যন্ত তত্বাবধায়ক সরকার থাকতে পারেনা। আগামী নির্বাচনেও এদেশের মানুষ শেখ হাসিনাকে ভোট দিয়ে সরকার গঠণ করবে ইনশাআল্লাহ।

তিনি বলেন, আগামী নির্বাচন এবং আন্দোলনের সময় স্বেচ্ছাসেবক নেতা কর্মীদের সজাগ থাকতে হবে। সকল ষড়যন্ত্র মোকাবিলা করে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় বসানো হবে।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্য সচিব বারিকুল ইসলাম লিজনের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে

বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম।

এর আগে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে জাতীয় এবং দলীয় পতাকা উত্তোলন করা হয়। এছাড়া শান্তির প্রতীক কবুতর ওড়ানো হয়।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম আহ্বান করা হলে সভাপতি পদে ৫জন এবং সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থীর নাম জমা দেওয়া হয়।

একজন করে প্রার্থী হওয়ার জন্য সময় দেওয়া হয়। এ সময় সভাপতি এবং সাধারণ সম্পাদক পদে প্রার্থীরা একমত না হওয়াই সভাপতি এবং সাধারণ সম্পাদকের নাম পরে ঘোষণা করা হবে বলে সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষ করা হয়।

মেহেরপুর আদালত থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে আসামির পলায়ন

মেহেরপুরে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত প্রাঙ্গণ থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে সাকিব (২২) নামের এক বিচারাধীন আসামির পালিয়ে যাওয়ার পর তাকে ধরে এনে পুলিশে সোপর্দ করেছে পরিবার। সাকিব মেহেরপুর পৌর এলাকার নতুন পাড়ার আনারুল ইসলামের ছেলে। কোর্ট পুলিশ পরিদর্শক মানষ রঞ্জন দাস এই তথ্য নিশ্চিত করেছে।

৯ জুলাই দিবাগত রাতে জেলা পুলিশের নিয়মিত অভিযানে চুরি ও মাদকের মামলায় বিভিন্ন আসামিকে আটক করা হয়। আটককৃতদের আজ ১০ জুলাই সোমবার মেহেরপুর জেলা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতে উঠানো হলে বিচারক মো: তরিকুল ইসলাম তাদেরকে জেল হাজতে প্রেরণ নির্দেশ দেন। কাঠগড়া থেকে কোর্ট হাজতে নেওয়ার পথে নয়জন পুলিশ সদস্যের চোখ ফাকি দিয়ে আসামি সাকিব হ্যান্ডকাফ খুলে পালিয়ে যায়। এ ঘটনায় মেহেরপুর জেলা পুলিশের মধ্যে তোলপাড় শুরু হয়।

পুলিশের পক্ষ থেকে আসামি সাকিবের পরিবারের উপর চাপ প্রয়োগ করা হলে পলায়নের ৬ ঘন্টা পরে রাত সোয়া আটটার সময় আসামি সাকিব কে নিয়ে তার বড় ভাই রাকিব কোর্ট হাজতে উপস্থিত হন। আসামি সাকিবকে কোর্ট পুলিশ পরিদর্শকের কাছে সোপর্দ করে।

মেহেরপুরের পুলিশ সুপার রাফিউল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,’ আসামি পালিয়ে গেছিলো ঘটনাটি সত্য, তবে তাকে পাওয়া গেছে, এখন কাস্টডিতে আছে।

মুজিবনগরে ৫টি প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা

মুজিবনগরে অনুমোদন ও লাইসেন্স বিহীন ভাবে সিলিন্ডার গ্যাস বিক্রির অপরাধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

আজ সোমবার দুপুরে উপজেলার কেদারগঞ্জ বাজারে মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুস সাদাত এই অভিযান পরিচালনা করেন।

এসময় অনুমোদন ও লাইসেন্স না থাকায় বাংলাদেশ পেট্রোলিয়াম আইন ২০১৬ অনুযায়ী পাঁচটি ব্যবসা প্রতিষ্ঠানকে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়।

একই সাথে ব্যবসায়ীদেরকে সতর্ক করা হয় এবং অনতিবিলম্বে অনুমোদন ও লাইসেন্স করার জন্য আহ্বান জানানো হয়।

এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেটকে মুজিবনগর থানা পুলিশ এবং মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সহযোগিতা করেন।

মেহেরপুর পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজারকে বিদায়ী সংবর্ধনা

মেহেরপুর পল্লী বিদ্যুৎ জেনারেল ম্যানেজার মোহাম্মদ আবু রায়হানের বদলি জনিত বিদায় সংবাদর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির আয়োজনে আজ সোমবার বিকাল তিনটায় মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির হলরুমে (ত্রীসকপ) এই বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সভাপতি তুষার আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধণা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সচিব জেনারুল বিশ্বাস, পবিস এর সহ-সভাপতি আব্দুল মান্নান, কোষাধ্যক্ষ ফয়জুল্লাহ, সাবেক পরিচালক আল আমিন হোসেন, ডিজিএম শ্যামল কুমার মল্লিক, ডিজি এম মোঃ আনারুল আলম, পঙ্কজ শিকদার, আয়েশা সিদ্দিকা, প্রমুখ। অনুষ্ঠান শেষে ক্রেস্ট দেওয়া হয়।

উল্লেখ্য, জেনারেল ম্যানেজার আবু রায়হানকে মেহেরপুর থেকে কুমিল্লা-১ বদলি করা হয়েছে।

মেহেরপুরে গ্যাস বিক্রেতার ২ হাজার টাকা জরিমানা

লাইসেন্স না করে গ্যাস বিক্রির অভিযোগে গ্যাস হাউজ নামের এক গ্যাস বিক্রেতার ২ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দেবাংশু বিশ্বাস।

সোমবার (১০ জুলাই) সকাল ১০ টার দিকে শহরের কোর্ট সড়কের গ্যাস হাউজ নামের ওই গ্যাস বিক্রেতার দোকানে এই মোবাইল কোর্ট পরিচালনা করেন তিনি।

মোবাইল কোর্ট সূত্রে জানা গেছে, ব্যবসার লাইসেন্স না নিয়ে ব্যবসা করার অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫২ ধারায় ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া ব্যবসায়ীকে অনতিবিলম্বে লাইসেন্স করার জন্য নির্দেশ দেওয়া হয়।

মেহেরপুরের নবাগত ডিসি মো: শামীম হাসান

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হলেন মো: শামীম হাসান। তিনি জননিরাপত্তা বিভাগের উপসচিব ছিলেন।

রাস্ট্রপতির আদেশক্রমে উপসচিব ভাস্কর দেবনাথ বাপ্পি স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এই আদেশ প্রদান করা হয়েছে।

এছাড়া শেরপুর, জামালপুর, মুন্সীগঞ্জ, রংপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ ও চুয়াডাঙ্গার জেলা প্রশাসককে বদলি করা হয়েছে।

মোনাখালীতে ফুটবল উন্মাদনা ,উদ্বোধন আগামী শুক্রবার

মুজিবনগরের মোনাখালীতে ফুটবল টুর্নামেন্ট আয়োজন উপলক্ষে আজ বিকেলে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ে আব্দুল খালেকের সঞ্চালনায় আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়।

আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মফিজুর রহমান।



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়ন এর ১ নং ওয়ার্ডের সদস্য মোঃ হাবিবুর রহমান। আরো উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা কৃষক লীগের সেক্রেটারি মোহাম্মদ শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেক। প্রবীণ ফুটবলার মোঃ লাভলু ,আহসান উল্লাহ , মনসুর আলী, ফজলু রহমান, মনিরুজ্জামান মাষ্টার, ফারুক হোসেন চান্দ আলি সহ আরো অনেকে।

এসময় খেলা পরিচালনা সহ যাবতীয় বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং খেলার উদ্বোধনী তারিখ আগামী শুক্রবার ১৪/০৭/২০২৩ ইং নির্ধারণ করা হয়। এই টুর্নামেন্টে মোট ৩২ টি দল অংশগ্রহণ করবে এবং প্রত্যেক দল নকআউট পর্ব হিসেবে খেলবে বলে নিশ্চিত হয়। এবং প্রথম বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে এক লক্ষ টাকা এবং দ্বিতীয় বিজয়ী দল পুরস্কার হিসেবে পাবে ৬০ হাজার টাকা।

কমিটির নিজস্ব কোন টিম থাকবে না এবং প্রতিটি টিমের জন্য শুভেচ্ছা ফিস হিসেবে এক হাজার টাকা মূল্য নির্ধারণ করা হয়েছে।

খেলাটি আয়োজন করছে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসী ।
উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এম পি।

শুধু মাঠে আগত দর্শকরাই নয় বরং পুরো টুর্নামেন্ট টি ‘আম্বার আইটি’ এর সৌজন্যে টুর্নামেন্টের মিডিয়া পার্টনার ‘মেহেরপুর প্রতিদিন’লাইভ সম্প্রচার করবে।

মেহেরপুর বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের কমিটি গঠন

বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদ মেহেরপুর জেলা শাখার কমিটি গঠণ করা হয়েছে।

রেহেনা খাতুনকে সভাপতি ও শিক্ষক হুমায়ন কবিরকে সাধারণ সম্পাদক করে এ কমিটির অনুমোদন করেন কেন্দ্রীয় কমিটির সভাপতি জহির উদ্দিন মবু। সম্প্রতি তাঁর স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে জানা গেছে, বঙ্গবন্ধু পেশাজীবী পরিষদের গঠণতন্ত্রের ১১.৩(১) ধারা মোতাবেক এ কমিটি গঠণ করা হলো।

কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদককে আগামী ৩০ জুলাই এর মধ্যে ৭৫ সদস্য বিশিষ্ট পুর্ণাঙ্গ জেলা কমিটি গঠণ করে অনুমোদন করে নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

মেহেরপুর দারুস সালাম ক্লিনিকের মালিক ডা. সালাম জেল হাজতে

ভুল চিকিৎসায় রোগীর মৃতুকে কেন্দ্র করে আদালতের স্বপ্রনোদিত মামলায় মেহেরপুর দারুসসালাম ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালামকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন আদালত।

আজ সোমবার দুপুরে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় কোর্টের বিচারক মো: তরিকুল ইসলামের আদালতে জামিন আবেদন করলে বিজ্ঞ বিচারক তার জামিন না মুঞ্জুর করে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

ডা. মোহাম্মদ আব্দুস সালাম মেহেরপুর জেনারেল হাসপাতালের অবসরপ্রাপ্ত আরএমও (গাইনী চিকিৎসক)।

জানা গেছে, চলতি বছেরর ২২ জানুয়ারি সন্ধ্যায় মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রামের মিলন হোসেনের স্ত্রী সুমাইয়া খাতুন দারুসসালাম ক্লিনিকে ভর্তি হন। রাত ১০টার দিকে ক্লিনিকের মালিক ডা. মোহাম্মদ আব্দুস সালাম অপারেশন শুরু করেন। তিনি একাই এনেসথেসিয়ার কাজ করেন। অপারেশন টেবিলেই সুমাইয়ার মৃত্যু হয়।

এই ঘটনায় স্থানীয় মেহেরপুর প্রতিদিন পত্রিকাতে সংবাদ প্রকাশিত হলে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এসএম শরিয়ত উল্লাহ বিষয়টি আমলে নিয়ে স্বপ্রনোদিত মামলাটি করেন। মামলায় মেহেরপুর অতিরিক্ত পুলিশ সুপার এএসপি আজমল হোসেনকে তদন্তের নির্দেশ দেন।

গাংনীর স্কুল মাঠে নির্মাণ সামগ্রী, স্কুল ছুটি

মেহেরপুরের গাংনী উপজেলার সরকারি একটি প্রাথমিক বিদ্যালয়ে রাস্তা সংস্কারের প্রভাবশালী ঠিকেদার নির্মাণ সামগ্রি রেখে দেয়াতে গত একমাস ধরে বিদ্যালয় বন্ধ রয়েছে। গতকাল রোববার ঈদের ছুটি শেষে বিদ্যালয়টি খোলার পর স্কুল মাঠে পিচগলানো জন্য জ্বালানো চুলোর ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীরা ক্লাসে থাকতে পারেনি। ফলে বাধ্য হয়ে ফের তিনদিনের জন্য স্কুল ছুটি ঘোষণা করেছেন স্কুলের প্রধান শিক্ষক। গত দুইমাস আগে স্কুল মাঠে রাখা হয়েছে নির্মাণ সামগ্রী। বিদ্যালয়েই নির্মাণ শ্রমিকরা থাকেন। ফলে স্কুলের মাঠে খেলাধুলা করতে পারছে না শিক্ষার্থীরা। নষ্ট হচ্ছে শিক্ষার পরিবেশ। এই অবস্থা আরো কিছুদিন থাকবে বলে মনে করছে স্কুল কর্তৃপক্ষ।

শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা জানান, দুইশতাধিক শিক্ষর্থীী রয়েছে বিদ্যালয়টিতে। তাদের কোলাহল ও হইহুল্লোড়ে মুখোর থাকত বিদ্যালয়টির খেলার মাঠ। গত মে মাস থেকে বিদ্যালয়ের মাঠটি দখল করে রেখেছে সংস্কার কাজের নির্মাণ সামগ্রী। শুধু মাঠেই নয়, বিদ্যালয়ের বারান্দা শ্রমিকদের জন্য রাত্রি যাপনের ব্যবস্থা করেছেন নির্মাণ কাজের ঠিকাদার। ঠিকেদার সরকারি দলের সহযোগি

সংগঠন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

সরেজমিনে গাংনী উপজেলার ভোমরদহ গ্রামে ‘ভোমরদহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ’এ দেখা যায়- রাস্তা সংস্কারের সরঞ্জাম রেখে দুই-তৃতীয়াংশ জায়গা দখল করে রাখা হয়েছে। বিদ্যালয় মাঠেই আগুন জ্বালিয়ে বিটুমিন গলানো হচ্ছে। এ কারণে কালো ধোঁয়ায় পড়াশোনায় ব্যাঘাত ঘটছে শিক্ষার্থীদের। গ্রামের একমাত্র বড় এ স্কুল মাঠটিতে ভ্যাপসা গরমে বিকেল থেকে স্থানীয় বিভিন্ন বয়সের মানুষ উন্মুক্ত মাঠে বসে থাকতেন। তাও বন্ধ হয়ে গেছে। বিকেলে গ্রামের কিশোর যুবকদের খেলা ধূলা করতে পারছেনা মাঠ জুড়ে নির্মাণ সামগ্রির কারণে। ঠিকেদার প্রভাবশালী হওয়ার কারণে বিদ্যালয়ের শিক্ষক ও গ্রামের কেউ আপত্তি জানাতে পারেনি নির্মাণ সামগ্রি রাখায়।

রোববার বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, মাঠের দুই–তৃতীয়াংশ জায়গায় ইটের কংক্রিট, বালু, মাটি, পাথর, বিটুমিনের ড্রাম স্তুপ করে রাখা হয়েছে। বিটুমিন গলানোর জন্য বানানো চুলা স্থাপন করা হয়েছে বিদ্যালয় ভবনের পাশেই। ওই চুলাতে আগুন জ্বালালে ধোঁয়া বিদ্যালয়ের ভবনে প্রবেশ করে। সারা মাঠে ছোট ছোট কংক্রিট ছড়িয়ে ছিটিয়ে আছে। ছড়িয়ে থাকা নির্মাণ সামগ্রী অনেকটা ঝুঁকিপূর্ণ অবস্থায় পড়ে আছে। যা বড় ধরনের দুর্ঘটনার শঙ্কা থেকেই যায়। বেশ কয়েকজন শিক্ষার্থী অভিযোগ করেন, খেলাধূলার অনুশীলন দুরে থাক, ক্লাসরুমে যাতায়াতেই দুর্ভোগ পোহাতে হয়। দেখে শুনে না চললে পায়ে পেরেক ফোটার ভয় তাড়া করে।◌্ ঈদের আগেও মাঠ জুড়ে নিমাণ সামগ্রি থাকার কারণে নোটিশ ছাড়া স্কুল ছুটি দেয়া হয়েছিল। রোববার স্কুলে আসার পর ফের তিনদিনের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাসেদুল ইসলাম জানান- বিদ্যালয় মাঠে নির্মাণ সামগ্রী রাখার নিয়ম নেই। যখন নির্মাণ সামগ্রি রাখা হয় তখন বিদ্যালয় বন্ধ ছিলো। ফলে আপত্তি জানানোর সুযোগ মেলেনি। স্কুল মাঠে চুলো তৈরী করে বিটুমিন গলানো হচ্ছে। বিটুমিন গলানো ধুয়াতে কোমলমতি শিক্ষার্থীদের অসুবিধার কথা ভেবে তিনদিনের জন্য ঐচ্ছিক ছুটি দেয়া হয়েছে।

ঠিকাদার মজিরুল ইসলামের ব্যক্তিগত মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তার সাড়া পাওয়া যায়নি। অনেক বার ফোনের পর মহিলা কন্ঠে জানানো হয় ‘তিনি স্টোকের রোগি। ঘুমিয়ে আছেন।